

পেমেন্ট সিস্টেমস্ ডিপার্টমেন্ট  
বাংলাদেশ ব্যাংক  
প্রধান কার্যালয়  
ঢাকা

পিএসডি সার্কুলার লেটার নং : ১৩

২৯ আগস্ট, ২০২১  
তারিখ : -----  
১৪ ভাদ্র, ১৪২৮

ব্যবস্থাপনা পরিচালক/ প্রধান নির্বাহী কর্মকর্তা  
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক  
প্রধান কার্যালয়

প্রিয় মহোদয়,

**ডিজিটাল কমার্স প্রতিষ্ঠানের নিজস্ব ব্যাংক হিসাবে  
ক্রেতার নিকট হতে সরাসরি অর্থ জমা গ্রহণ না করা প্রসঙ্গে।**

সম্প্রতি লক্ষ্য করা যাচ্ছে যে, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার এর জারিকৃত “ডিজিটাল কমার্স পরিচালনা নির্দেশিকা-২০২১” এবং বাংলাদেশ ব্যাংক কর্তৃক জারিকৃত পিএসডি সার্কুলার নং ০৮/২০২১ এর নির্দেশনা এড়ানোর উদ্দেশ্যে কিছু সংখ্যক ডিজিটাল কমার্স প্রতিষ্ঠান নিজস্ব ব্যাংক হিসাবে গ্রাহক হতে পণ্য/সেবা মূল্যের অগ্রিম অর্থ সরাসরি গ্রহণ করছে।

এমতাবস্থায়, পিএসডি সার্কুলার নং ০৮/২০২১ এর ৩নং ক্রমিকে বর্ণিত ডিজিটাল কমার্স প্রতিষ্ঠানসমূহের ব্যাংক হিসাবে লেনদেনের ক্ষেত্রে নিম্নোক্ত নির্দেশনা প্রদান করা হলো:

১. সরকারের “ডিজিটাল কমার্স পরিচালনা নির্দেশিকা-২০২১” এর নির্দেশনা অমান্য করে ডিজিটাল কমার্স প্রতিষ্ঠানসমূহের কোম্পানি বা কোম্পানি সংশ্লিষ্ট ব্যক্তিবর্গের ব্যাংক হিসাবে পণ্য/সেবা মূল্যের অগ্রিম বাবদ অর্থ সরাসরি জমা গ্রহণ করা যাবে না।
২. এরূপ ডিজিটাল কমার্স প্রতিষ্ঠানের হিসাব পরিচালনার ক্ষেত্রে প্রদত্ত ট্রানজেকশন প্রোফাইলের যৌক্তিকতা যাচাই-বাছাই, লেনদেনের বৈশিষ্ট্য বিশ্লেষণ এবং সামগ্রিক ঝুঁকি বিবেচনায় নিয়ে যথাযথ তদারকি (Due Diligence) নিশ্চিতপূর্বক লেনদেন পরিচালনা করতে হবে।

উপর্যুক্ত নির্দেশাবলী অবিলম্বে কার্যকর হবে।

আপনাদের বিশ্বস্ত,

(মোঃ মেজবাবুল হক)

মহাব্যবস্থাপক

ফোন: ৯৫৩০১৭৪